শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ

কামারপুকুর, হুগলি

আনন্দের সঙ্গে আপনাকে দুই দিন ব্যাপী আন্তর্জাতিক আন্তর্জালিক আলোচনা-চক্রে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছে।

আলোচনা-চক্রের শিরোনামঃ

‘স্বাধীনতা ৭৫: ইতিহাস স্মরণে বাংলা সাহিত্য’

দিনাঙ্কঃ ২৫ – ২৬ নভেম্বর ২০২১।

আয়োজনেঃ বাংলা বিভাগ, শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ,

সহযোগিতায়ঃ IQAC, শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ,

স্বাধীন ভারত পঁচাত্তরতম বর্ষে পদার্পণ করতে চলেছে। ব্রিটিশ শাসনের লাঞ্ছনা যন্ত্রণা মুছে ফেলতে চাইলেও তাকে অস্বীকার করা যায় না– যাবে না। অর্ধশতাব্দীর বেশি সময় ধরে ব্রিটিশ বিরোধী সংগ্রাম, আন্দোলন, অগণ্য আত্মত্যাগের বিনিময়ে এসেছে এই স্বাধীনতা। ভারতের স্বাধীনতা আন্দোলন ইতিহাসের গুরুত্বপূর্ণ বিষয়। ইতিহাস অতীত সত্যের নির্মোহ ভাষ্য নির্মাণ করে।

ইতিহাসের বৃহত্তর বৃত্তে ইতিবৃত্তের অবস্থান। আধুনিক ইতিবৃত্তের একটি অবিচ্ছেদ্য অঙ্গ হল সাহিত্য। নৃত্য, চিত্রশিল্প, সংগীত, কবিতা, নাটক, উপন্যাস, ছোটগল্প, প্রবন্ধ– এ সবই সমাজ-সভ্যতার উন্মেষ, বিকাশ ও পরিবর্তনের কাহিনি ব্যক্ত করে। বাঙালি মানসে পরাধীনতার গ্লানির সার্থক প্রকাশ ঘটল- ‘পদ্মিনী উপাখ্যান’ কাব্যে– ‘স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়? দাসত্বশৃঙ্খল বল কে পরিবে পায় হে, কে পরিবে পায়’। এই হাহাকারের অনুরণন শোনা গেল ‘কৃষ্ণকুমারী’ নাটকে কন্যা ও রাজ্য রক্ষায় ব্যর্থ ভীমসিংহের সংলাপে– ‘ভগবতি, এ ভারতভূমির কি আর সে শ্রী আছে’। এই একই সূত্রে রচিত হয়েছে ‘আনন্দমঠ’ উপন্যাসের ‘বন্দে মাতরম’ মন্ত্র। ইতিহাস নির্মাণে সৎসাহিত্যও তাই ঐতিহাসিক তথ্যের মতো গুরুত্বপূর্ণ।

স্বাধীনতার আকাঙ্ক্ষা ও প্রাপ্তিকে কেন্দ্র করে রচিত বিভিন্ন সাহিত্যিক শাখা, কবিতা, নাটক, উপন্যাস, ছোটগল্প, প্রবন্ধ এবং জনমানস তথা জনচেতনার পথ ধরে এই আলোচনা অগ্রসর হবে। ভারতের স্বাধীনতার আশা-আকাঙ্ক্ষা সমকালীন কবি-সাহিত্যিক-নাট্যকারদের রচনায় যে-ভাবে প্রতিফলিত হয়েছে তার সন্ধান ও নবভাষ্য নির্মাণ এই আলোচনা-চক্রের মুখ্য উদ্দেশ্য।

সম্মানীয় আলোচকবৃন্দ

ড. তপন বাগচী
বিশিষ্ট কবি ও সাহিত্যিক
ডেপুটি ডিরেক্টর, বাংলা আকাদেমি, ঢাকা, বাংলাদেশ।



প্রফেসর তপোধীর ভট্টাচার্য
ভূতপূর্ব উপাচার্য, অসম বিশ্ববিদ্যালয়।
শিলচর, অসম, ভারত।

প্রফেসর অমিতাভ চক্রবর্তী
অধ্যাপক, দিল্লী বিশ্ববিদ্যালয়,
নতুন দিল্লী, দিল্লী, ভারত।

প্রফেসর শেখর সমাদ্দার
অধ্যাপক, যাদবপুর বিশ্ববিদ্যালয়।
যাদবপুর, পশ্চিমবঙ্গ, ভারত।

প্রফেসর সুমিতা চক্রবর্তী
ভূতপূর্ব অধ্যাপক, নজরুল চেয়ার
বর্ধমান বিশ্ববিদ্যালয়, বর্ধমান, ভারত।

শ্রী সাধন চট্টোপাধ্যায়
বিশিষ্ট কথাসাহিত্যিক
পানশিলা, কলকাতা, ভারত।

প্রফেসর অলোককুমার চক্রবর্তী
অধ্যাপক, বাংলা বিভাগ
বর্ধমান বিশ্ববিদ্যালয়, বর্ধমান, ভারত।

প্রথম দিনঃ ২৫ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)

উদ্বোধন পর্বঃ ১০:০০ - ১১: ০০ (ভারতীয় সময়)

আন্তর্জালিক আলোচনা-চক্র সম্বন্ধেঃ ড. অরুন্ধতী সুর, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ।

স্বাগত ভাষণঃ ড. মৌসুমী ঘোষ, অধ্যক্ষ, শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ।

IQAC-র পক্ষেঃ শ্রী তন্ময় পণ্ডিত, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ।

আলোচনা-চক্রের প্রারম্ভিক বক্তাঃ ড. তপন বাগচী।

আলোচনা পর্বঃ ১, ১১:০০ - ০২:০০ (ভারতীয় সময়)

১১:০০ - ১২:০০ (ভারতীয় সময়)

প্রফেসর তপোধীর ভট্টাচার্যঃ ‘স্বাধীনতা নাকি দেশভাগঃ বাংলাসাহিত্যে ইতিহাসবোধ কিংবা বিস্মৃতির পরম্পরা?’

১২:০০ - ০১:০০ (ভারতীয় সময়)

প্রফেসর অমিতাভ চক্রবর্তীঃ ‘স্বাধীনতা পরবর্তী কাব্যবোধে জনতা’।

০১:০০ - ০২:০০ (ভারতীয় সময়)

প্রফেসর শেখর সমাদ্দারঃ ‘আধুনিককালের নির্বাচিত কিছু নাটকঃ ইতিহাসের পুনর্বিচার’।

Google Meet link:
https://meet.google.com/quq-igwk-hpy

দ্বিতীয় দিনঃ ২৬ নভেম্বর ২০২১ (শুক্রবার)

আলোচনা পর্বঃ ২, ১০: ৩০ - ০১:৪০ (ভারতীয় সময়)

১০:৩০ - ১১:৩০ (ভারতীয় সময়)

প্রফেসর অলোককুমার চক্রবর্তীঃ ‘স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাসঃ ইতিহাসের নির্মাণ’

১১:৩০ - ১২:৩০ (ভারতীয় সময়)

প্রফেসর সুমিতা চক্রবর্তীঃ ‘স্বাধীনতা ৭৫: ইতিহাস স্মরণে বাংলা কবিতা’

১২:৩০ - ০১:৩০ (ভারতীয় সময়)

শ্রী সাধন চট্টোপাধ্যায়ঃ ‘বিষয় ও বিষয়ীগতঃ বিগত সাতদশকের বাংলা ছোটগল্পের বিবর্তন’

০১:৩০ - ০৩:৩০ (ভারতীয় সময়) গবেষণা-ধর্মী প্রবন্ধ পাঠ

০৩:৩০ - ০৩:৩৫ (ভারতীয় সময়)

ধন্যবাদ-জ্ঞাপনঃ ড. মহম্মদ ফারুক, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ,

Google Meet link:
https://meet.google.com/xpa-wfar-ykw

‘স্বাধীনতা ৭৫: ইতিহাস স্মরণে বাংলা সাহিত্য’ শীর্ষক আন্তর্জাতিক আন্তর্জালিক আলোচনা-চক্রে বক্তব্য উপস্থাপনের জন্য অধ্যাপক, গবেষকদের প্রবন্ধ পাঠানোর আহ্বান জানানো হচ্ছে।

নিয়মাবলীঃ-

এক. প্রবন্ধ আলোচনার বিষয়ের সঙ্গে প্রাসঙ্গিক হতে হবে।

দুই. প্রবন্ধ সম্পূর্ণরূপে মৌলিক হতে হবে। প্রবন্ধ রচনার ক্ষেত্রে তথ্যসূত্র ও গ্রন্থপঞ্জি দেওয়া আবশ্যক।

তিন. গবেষণা-ধর্মী প্রবন্ধের শব্দসীমা ২৫০০-৩০০০, পাঠাতে হবে ২০/১১/২০২১-এর মধ্যে।

চার. সংক্ষিপ্তসারের শব্দসীমা ৩৫০-৪০০, পাঠাতে হবে ১০/১১/২০২১-এর মধ্যে।

পাঁচ. পূর্ণাঙ্গ ও সংক্ষিপ্তসার অভ্র সফটওয়ারে কালপুরুষ ফন্ট (সাইজ ১২ ফন্ট) ব্যবহার করে মাইক্রোসফট ওয়ার্ড ফাইলে ডকুমেন্ট হিসেবে পাঠাতে হবে। অন্য কোন মাধ্যমে পাঠানো লেখা গ্রহণ করা সম্ভব হবে না।

ছয়. প্রাবন্ধিকের নাম, প্রতিষ্ঠানের নাম, মোবাইল নং ও ই-মেইল উল্লেখ করতে হবে।

সাত. নির্ধারিত সময়ের পরে আসা প্রবন্ধ গ্রহণ করা সম্ভব হবে না।

প্রবন্ধ পাঠাবার ই-মেইল আইডিঃ bengali.srsvm09@gmail.com

নিবন্ধীকরণের নিয়মাবলীঃ-

নির্দিষ্ট বৈদ্যুতিন সংযোগ সূত্রে যথাযথভাবে সংযোগ স্থাপন করতে হবে।

যে WhatsApp গ্রুপের সংযোগ সূত্র দেওয়া আছে সেখানে যোগ দিলে আলোচনা-চক্র সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে।

IQAC- আহ্বায়ক
শ্রী তন্ময় পণ্ডিত

যুগ্ম-আহ্বায়ক
ড. অরুন্ধতী সুর
ড. অনীককুমার সাহা

অধ্যক্ষ
ড. মৌসুমী ঘোষ

শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ।

নিবন্ধীকরণের সংযোগ সূত্র

Registration Link:

https://forms.gle/3FeXgxec6FyP3JQ2A

যোগাযোগঃ

ড. অরুন্ধতী সুর, চলভাষঃ 8777753650

।।বৈদ্যুতিন শংসাপত্র প্রদান করা হবে।।